বর্ধিত সংস্করণ

পিতামাতা/অভিভাবকদের জন্য প্রশ্ন এবং উত্তর

NYC KiDS RiSE | Save for College Program

nyckidsrise.org

1. NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম কী?

NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম আপনার শিশুর ভবিষ্যতকে সুরক্ষিত করার জন্য আপনাকে, আপনার পরিবারকে এবং আপনার কমিউনিটিকে একসঙ্গে কাজ করার একটি উপায় প্রদান করে। এটি একটি স্কলারশীপ এবং সেভিংস প্রোগ্রাম যা আপনার সন্তানের জন্য কলেজ প্রবেশের পথটিকে আরো সুগম ও সম্ভবযোগ্য করে তোলার জন্য তৈরি করা হয়েছে। ডিস্ট্রিক্ট 30 এর কিন্ডারগার্টেনে পড়ছে এমন সকলের জন্যই এই প্রোগ্রাম উন্মুক্ত - পরিবারের আয় ও অভিবাসনগত অবস্থা নির্বিশেষে এতে অংশ নেয়া যাবে।

প্রতিটি যোগ্য শিক্ষার্থীকে অগ্রিম স্কলারশীপ এবং পরিবারদের তাদের নিজেদের কলেজ সেভিংস পরিকল্পনা তৈরি করার জন্য সরঞ্জাম ও তথ্য প্রদান করার মাধ্যমে সেভ ফর কলেজ প্রোগ্রাম পরিবারগুলিকে তাদের শিশুর ভবিষ্যত ভিত্তি নির্মাণে ক্ষমতায়ন করছে। এছাড়াও সেভ ফর কলেজ প্রোগ্রাম আমাদের শিশুদের তাদের কলেজের স্বপ্ন বাস্তবায়নে সমগ্র কমিউনিটিকে সম্পৃক্ত করবে।

2. কীভাবে NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রামের স্কলারশীপ অংশটি কাজ করে?

NYC Kids RISE নিজে থেকেই আপনার কিন্ডারগার্টেনে পঠনরত শিশুর NYC স্কলারশীপ অ্যাকাউন্টে 100 ডলার জমা করবে, আপনি অংশগ্রহণ না করলে অর্থ জমা করা হবে না। জানুয়ারি থেকে শুরু করে, আপনার শিশুর স্কলারশীপ অ্যাকাউন্টের জন্য অতিরিক্ত ফান্ড পাওয়ার সুযোগগুলি শেয়ার করব। কমিউনিটি সংগঠন ও ব্যবসাসমূহসহ কমিউনিটির অন্যান্য সদস্যরাও আপনার শিশুকে তার কলেজ লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করার জন্য স্কলারশীপ অ্যাকাউন্টে অর্থ সাহায্য করতে পারবেন।

স্কলারশীপের ফান্ড NY 529 ডিরেক্ট প্ল্যানে বিনিয়োগ করা হবে, যা এক ধরনের অ্যাকাউন্ট যেটিকে স্কুলের জন্য সঞ্চয় করতে পরিবারের সহায়তায় বিশেষভাবে তৈরি করা হয়েছে। সময়ে সময়ে স্কলারশীপ অ্যাকাউন্টে অর্থ বাড়ে ও কমে, যা নির্ভর করে আর্থিক বাজার এবং বিনিয়োগ কেমন কাজ করছে তার উপর। এর মানে হল এই যে, শিশু যখন কলেজ যাবে তখন শিশুর NYC স্কলারশীপ অ্যাকাউন্টে উপলব্ধ অর্থের পরিমাণ সেই অ্যাকাউন্টে জমা করা প্রকৃত অর্থের থেকে বেশি বা কম হতে পারে।

3. কীভাবে NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রামের সঞ্চয়ের অংশ কাজ করে?

ডিস্ট্রিক্ট 30 এর কিন্ডারগার্টেনে পঠনরত শিশুদের পিতামাতা এবং অভিভাবকরা তাদের শিশুর স্কলারশীপ অ্যাকাউন্টে বিনিয়োগকৃত অর্থ বৃদ্ধি করার লক্ষ্যে তারা নিজেরা কলেজ সেভিংস অ্যাকাউন্ট খোলার সুযোগও পাবে। পিতামাতা, অভিভাবক, আত্মীয় এবং বন্ধুরা এই অ্যাকাউন্টে সরাসরি অর্থ দান করতে পারেন এবং তাদের সন্তানের NYC স্কলারশীপ অ্যাকাউন্টের সেভিংস ব্যালেন্স দেখার পাশাপাশি তাদের সেভিংস অ্যাকাউন্ট ব্যালেন্সও ট্র্যাক করতে পারেন। আপনার সন্তান তার স্কলারশীপ অ্যাকাউন্ট পাবার পর, NYC Kids RISE আপনার ও আপনার পরিবারের জন্য সঠিক কলেজ সেভিংস প্ল্যান কীভাবে তৈরি করতে হয় সেসম্পর্কে আরো তথ্য প্রদান করবে।

4. কেন NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম তৈরি করা হয়েছে?

কলেজের জন্য সঞ্চয় করা কঠিন হতে পারে। অনেক পিতামাতার জন্য তাদের সন্তানদের কলেজে পড়তে পাঠানো কষ্টসাধ্য হতে পারে। গবেষণায় দেখা গেছে যে, যে সমস্ত শিশুরা কলেজে যায় তারা চিরজীবনই উল্লেখযোগ্যভাবে বেশি বেতন পায়। এছাড়াও গবেষণায় দেখাগেছে 1 থেকে 500 ডলারের ক্ষুদ্র সেভিংস অ্যাকাউন্ট থাকা শিশুদের তিনগুণ কলেজে ভর্তি হওয়ার সম্ভাবনা থাকে এবং চারগুণ বেশির গ্র্যাজুয়েট হওয়ার সম্ভাবনা থাকে।

NYC Kids RISE, নিউইয়র্ক সিটি ও ডিপার্টমেন্ট অভ এডুকেশনের অংশীদারিত্বে পরিবারবর্গকে তাদের শিশুদের স্কুলের প্রথম দিন থেকেই কলেজ পড়ানোর সঞ্চয় ও পরিকল্পনা শুরু করার জন্য ক্ষমতা প্রদান করতে সেভ ফর কলেজ প্রোগ্রাম শুরু করেছিল।

5. সেভ ফর কলেজ প্রোগ্রামে কারা অংশ নেয়ার জন্য যোগ্য?

এই প্রারম্ভিক পর্যায়ে, কুইন্সের ডিস্ট্রিক্ট 30 এর পাবলিক স্কুলে পড়ে এমন সমস্ত কিন্ডারগার্টেন শিক্ষার্থী অংশগ্রহণ

করতে পারে। সেভ ফর কলেজ প্রোগ্রামের “অপ্ট-আউট ওয়েভস” শুরু থেকে শেষ হওয়া পর্যন্ত ডিস্ট্রিক্ট 30 এর কোন একটি পাবলিক স্কুলে পড়ে এমন সমস্ত কিন্ডারগার্টেনার প্রোগ্রামে নিজে থেকেই নথিভুক্ত হয়ে যাবে, যদি না তাদের পরিবার অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নিয়ে থাকে।

6. কোন্ কোন্ স্কুল অংশ নিচ্ছে?

ক্যুইন্সের ডিস্ট্রিক্ট 30 এর সমস্ত পাবলিক স্কুল NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রামের প্রথম বছরে অংশ নিচ্ছে।

7. আমি কীভাবে অংশগ্রহণ করব?

আপনার শিশুর ভবিষ্যতে বিনিয়োগ শুরু করা সহজ। NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রামে অংশগ্রহণ করা শুরু করার তিনটি সহজ উপায় আছে:

- 2017 এর হেমন্তে, ক্যুইন্সের ডিস্ট্রিট 30 এর পাবলিক স্কুলে পাঠরত প্রতিটি কিন্ডারগার্টেনারকে স্বয়ংক্রিয়ভাবে 100 ডলারসহ একটি NYC স্কলারশীপ অ্যাকাউন্ট দেয়া হবে, যদি না তাদের পরিবার অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নিয়ে থাকে।
- জানুয়ারি থেকে, NYC Kids RISE ওয়েবসাইটে যান এবং আপনার শিশুর NYC স্কলারশীপ অ্যাকাউন্ট দেখতে ও মাঝে মাঝে আপনার ব্যালেন্স চেক করতে সাইন আপ করুন। যখন আপনি আপনার স্কলারশীপ অ্যাকাউন্ট দেখতে সাইন আপ করেন, NYC Kids RISE অ্যাকাউন্টে বাড়তি অর্থ জমা দেবে।
- এছাড়াও জানুয়ারি থেকে, কলেজ সেভিংস বিকল্প এবং আপনার ও আপনার পরিবারের জন্য সঠিক কলেজ সেভিংস প্ল্যান কীভাবে তৈরি করবেন সেসম্পর্কে আরো তথ্যের জন্য কর্মশালায় যোগ দিন বা nyckidsrise.org দেখুন।

8. আমি যদি অংশগ্রহণ করতে না চাই তাহলে কী হবে?

যোগ্য কিন্ডারগার্টেনারদের পিতামাতা/অভিভাবক তাদের সন্তানের স্কুলকে সেভ ফর কলেজ প্রোগ্রামে নাম নথিভুক্ত না করানোর বিষয়ে জানানোর সুযোগ পাবেন। অক্টোবরের মাঝামাঝি, আপনার কিন্ডারগার্টেনার তার স্কুল থেকে নাম প্রত্যাহারের বিজ্ঞপ্তি পাবে। যদি আপনি না চান যে আপনার সন্তান 100 ডলারের NYC স্কলারশীপ অ্যাকাউন্ট বা ভবিষ্যতের ফান্ড পাক তাহলে আপনাকে অবশ্যই নাম প্রত্যাহারের বিজ্ঞপ্তিতে স্বাক্ষর করতে হবে এবং বিজ্ঞপ্তি পাওয়ার 30 দিনের মধ্যে আপনার সন্তানের স্কুলে ফেরত পাঠাতে হবে।

9. যদি আমি সেভ ফর কলেজ প্রোগ্রাম থেকে নাম প্রত্যাহার না করি, সেক্ষেত্রে কী হবে?

নাম প্রত্যাহার না করার 30 দিন সময়সীমার পর, ডিপার্টমেন্ট অব এডুকেশন NYC Kids RISE-এর কাছে যে সমস্ত কিন্ডরগার্টেনরের পিতামাতাগণ সেভ ফর কলেজ প্রোগ্রাম থেকে অপ্ট-আউট করেননি তাদের সন্তানদের নাম ও প্রাথমিক তথ্য পাঠাবে। এই তথ্যের মধ্যে নিম্নলিখিত অন্তর্ভুক্ত: সন্তানের নাম, জন্মদিন, স্কুল, গ্রেড, বাসার ঠিকানা, ফোন নম্বর ও মাতৃভাষা; এবং পিতামাতা/অভিভাবকের নাম ও যোগাযোগের তথ্য (যদি তা DOE তে প্রদান করা হয়)। এই ডেটা NYC Kids RISE প্রতিটি অংশগ্রহণকারী শিক্ষার্থীর জন্য NYC স্কলারশীপ অ্যাকাউন্ট সেটআপ করার মঞ্জুরি দেবে এবং প্রতিটি অ্যাকাউন্টে 100 ডলার করে জমা করবে।

10. কীভাবে অভিবাসনগত অবস্থা আমার অংশগ্রহণকে প্রভাবিত করবে?

ডিস্ট্রিক্ট 30 এর প্রতিটি শিশু তার ও তার পরিবারের অভিবাসনগত অবস্থা নির্বিশেষে NYC স্কলারশীপ অ্যাকাউন্ট পাবে, যদি তার পিতামাতা/অভিভাবক অংশগ্রহণ না করার সম্মতি জানায়। জানুয়ারিতে, NYC Kids RISE যেসমস্ত পরিবার তাদের নিজের কলেজ সেভিংস অ্যাকাউন্ট খুলতে চায় এবং এর পাশাপাশি তাদের স্কলারশীপ অ্যাকাউন্ট সেভিংস শুরু করবে তাদেরকে বাড়তি তথ্য প্রদান করবে।

11. NYC স্কলারশীপ অ্যাকাউন্টের অর্থ কিসের জন্য ব্যবহার করা হতে পারে? কীভাবে ব্যবহারে করা যাবে সে ব্যাপারে কোন বিধিনিষেধ আছে কি?

NYC স্কলারশীপ অ্যাকাউন্টের অর্থ NY 529 ডিরেক্ট প্ল্যানে বিনিয়োগ হয় এবং কেবলমাত্র শিক্ষাক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে। এর অন্তর্ভুক্ত দুই বা চার বছরের কলেজ ও অন্য পেশাগত প্রশিক্ষণ প্রোগ্রাম। স্কলারশীপের ফান্ড

টিউশন, ফি, সরঞ্জাম, রুম ও থাকার খরচ ও পাঠ্যবইয়ের মতো জিনিস যেগুলি অন্য স্কলারশীপের আওতাভুক্ত নয় সেসবের জন্য ব্যবহার করা যাবে। এই অর্থ নিউইয়র্কের স্কুলসমূহ এবং দেশব্যাপী ব্যবহার করা যাবে, এর পাশাপাশি বিদেশের কিছু স্কুলেও এই অর্থ ব্যবহার করা যাবে।

NYC এর স্কলারশীপ অ্যাকাউন্টের অর্থ কীভাবে ব্যবহার করা যাবে সেসম্পর্কে আরো তথ্যের জন্য nyckidsrise.org দেখুন।

12. NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম কে পরিচালনা করে?

NYC Kids RISE NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন এবং নিউইয়র্ক সিটির অংশীদারিত্বে সেভ ফর কলেজ প্রোগ্রাম পরিচালনা করে। NYC Kids RISE কমিউনিটি হল একটি অলাভজনক সংস্থা যেটি পরিবার, স্কুল ও কমিউনিটিকে একসঙ্গে কাজ করার উপায় প্রদান করে শিশুদের শিক্ষার জন্য আর্থিক ও পক্ষপাতহীন সুযোগ প্রসারিত করে। পরিবারবর্গের তাদের শিশুদের ভবিষ্যতের জন্য যে স্বপ্ন রয়েছে তা গড়ে তোলা ও প্রত্যাশা পূরণ করার ক্ষেত্রে NYC Kids RISE-এর লক্ষ্য হল পরিবারবর্গ কোথা থেকে এসেছে ও ব্যাঙ্কে তাদের কী পরিমাণ অর্থ আছে তা নির্বিশেষে NYC পাবলিক স্কুল শিক্ষার্থীদের কলেজে পড়া ও সেখান থেকে গ্রাজুয়েট হওয়া আরও সাধনযোগ্য করে তোলা।

13. সেভ ফর কলেজ প্রোগ্রামের আরো তথ্য আমি কোথায় পাব?

NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্য আপনার সন্তানের স্কুল এবং অনলাইনে nyckidsrise.org এ উপলব্ধ।

14. আমার সন্তান হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হওয়ার আগেই যদি আমরা ডিসট্রিক্ট 30 ছেড়ে যাই, সেক্ষেত্রে আমার সন্তানের স্কলারশিপের কী হবে?

আপনার কিন্ডারগার্টেন পড়া সন্তান একবার এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্ট পেয়ে গেলে আপনি নিউ ইয়র্ক সিটির অন্য কোন পাবলিক বা চার্টার স্কুলে চলে গেলেও সেই অ্যাকাউন্টে প্রবেশাধিকার পেতে থাকবেন। আপনার সন্তানও কিছু নির্দিষ্ট অতিরিক্ত ইনসেন্টিভ পাওয়ার যোগ্য হতে পারে।

আপনার সন্তান এনওয়াইসি পাবলিক স্কুল সিস্টেম ছেড়ে গেলেও সে তার ইতোমধ্যের এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্টে অর্থ লাভের যোগ্য থাকবে, তবে বাড়তি অর্থ পাবার যোগ্য থাকবে না।

15. আমার সন্তান হাই স্কুল গ্র্যাজুয়েট হওয়ার আগে ডিসট্রিক্ট 30-এর অন্য কোন অংশগ্রহণকারী স্কুলে ট্র্যান্সফার হলে কী হবে?

একজন শিক্ষার্থী ডিস্ট্রিক্ট 30-এর অংশগ্রহণকারী চার্টার স্কুলসহ অন্য কোন অংশগ্রহণকারী স্কুলে ট্র্যান্সফার হলেও সেভ ফর কলেজ প্রোগ্রাম-এর মধ্যে থাকবে এবং এতে অংশগ্রহণ করলে যেসব সুবিধা পাওয়া যায় তার সব পাবার যোগ্য হবে।

16. আমি ডিস্ট্রিক্ট 30-তে বাস করি, কিন্তু আমার সন্তান অন্য একটি ডিস্ট্রিক্টের স্কুলে যায়। আমি কি তা সত্ত্বেও NYC Kids RISE সেভ ফর কলেজ (NYC Kids RISE Save for College) প্রোগ্রামে অংশ নিতে পারি?

না। এখন কেবলমাত্র কোন অংশগ্রহণকারী স্কুলে এনরোলড্ শিক্ষার্থীরাই অংশ নেওয়ার যোগ্য।

17. কুইন্স-এর ডিস্ট্রিক্ট 30-কে কেন প্রথম অংশগ্রহণকারী স্কুল ডিস্ট্রিক্ট হিসেবে বেছে নেওয়া হল?

স্কুল ডিস্ট্রিক্ট 30-কে NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রামের প্রথম অংশগ্রহণকারী স্কুল ডিস্ট্রিক্ট হিসেবে বেছে নেওয়ার কারণ হল, এই ডিস্ট্রিক্টের জনসংখ্যা সার্বিকভাবে নিউ ইয়র্ক সিটির পাবলিক-স্কুলের জনসংখ্যাকে প্রতিফলিত করে। এই নতুন সেভ ফর কলেজ প্রোগ্রামকে সহায়তাদান এবং এর সম্পর্কে বক্তব্য ছড়িয়ে দেওয়ার ক্ষেত্রে এই ডিস্ট্রিক্টটি একটি শক্তিশালী স্কুল ও সমাজ-ভিত্তিক অংশীদারও বটে।

18. সেভ ফর কলেজ প্রোগ্রামে আমার সন্তানের স্কুল কীভাবে সংশ্লিষ্ট হতে পারে?

সেভ ফর কলেজ প্রোগ্রাম সম্পর্কে তথ্য শেয়ার করতে, পরিবারগুলির অংশগ্রহণের সহায়তায়, শিক্ষার্থী ও পিতামাতাদের জন্য আর্থিক শিক্ষা সুযোগের সমন্বয়সাধনে NYC Kids RISE এনওয়াইসি ডিপার্টমেন্ট অভ এডুকেশন এবং ডিস্ট্রিক্ট 30-এর স্কুলসমূহের সাথে কাজ করবে।

19. সেভ ফর কলেজ প্রোগ্রামের অংশ হিশেবে NYC কিডস্ রাইজ আমার সন্তান সম্পর্কে কী তথ্য পাবে?

NYC Kids RISE আপনার সন্তানকে একটি এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্ট প্রদান করতে, প্রত্যেক অংশগ্রহণকারী শিক্ষার্থীর জন্য NYC এনওয়াইসি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) থেকে নিম্নলিখিত তথ্যগুলি গ্রহণ করবে: শিক্ষার্থীর নাম, জন্মতারিখ, স্কুল, গ্রেড, বাড়ির ঠিকানা, বাড়ির ফোন নম্বর, এবং বাড়ির ভাষা; এবং পিতামাতা/অভিভাবকের নাম, ফোন নম্বর, ও ইমেল ঠিকানাগুলি (যদি এগুলি DOE-কে প্রদান করা হয়ে থাকে)।

20. আমার সন্তানের এবং আমার ব্যক্তিগত তথ্য কীভাবে ব্যবহার করা হবে?

অংশগ্রহণকারী পরিবারসমূহের এই মৌলিক তথ্যাদি শিক্ষার্থীর এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্ট তৈরি করতে এবং পরিবারগুলিকে সেভ ফর কলেজ প্রোগ্রাম সম্পর্কে শিক্ষিত করে তুলতে, ও এছাড়া প্রোগ্রামের মূল্যায়ন ও গবেষণার কাজে ব্যবহার করা হবে। আপনি NYC Kids RISE-এর কাছে প্রদত্ত যোগাযোগের তথ্য আপডেট করতে এবং কয়েকটি নির্দিষ্ট ধরনের যোগাযোগ লাভের সম্মতি প্রত্যাহার করতেও পারবেন।

21. আমি যদি সেভ ফর কলেজ প্রোগ্রামে কারা অংশ নিতে না চাই, আমি কি পড়ি পরের কোন তারিখে এনরোল করতে পারবো?

যেসব পিতামাতা/অভিভাবকেরা অপ্ট-আউট নোটিস পূরণ করেন ও জমা দেন কিন্তু পরবর্তীতে মন পরিবর্তন করেন ও অংশ নিতে চান, তাদেরকে NYC Kids RISE-এর সঙ্গে 833-কিড-রাইজ (833-543-7473)নম্বরে যোগাযোগ করতে হবে।

22. অপ্ট-আউটের সময় শেষ হবার পর, সেভ ফর কলেজ প্রোগ্রাম থেকে আমি কি আমার সন্তানের অংশগ্রহণ বাতিল করতে পারি?

আপনি যদি আপনার সন্তানের সেভ ফর কলেজ প্রোগ্রামে এনরোল হওয়া এবং তার এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্ট গ্রহণ পাবার পর সেটি বাতিল করতে চান, অনুগ্রহ করে NYC Kids RISE-এর সঙ্গে 833-কিড-রাইজ (833-543-7473) নম্বরে যোগাযোগ করুন।

23. NYC কিডস্ রাইজ সেভ ফর কলেজ প্রোগ্রাম কীভাবে নিউ ইয়র্ক স্টেটের বিনা-বেতনের ডিগ্রি প্রোগ্রাম, এক্সেলসিয়র স্কলারশিপের সাথে সম্পর্কিত?

NYC Kids RISE ও সামাজিক সহায়তাকারীগণ কর্তৃক এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্টে প্রদত্ত অর্থ কেবল টিউশন ছাড়াও অন্য ক্ষেত্রে ব্যবহার করা যায়। কোন শিক্ষার্থী যদি এক্সেলসিওর স্কলারশিপের মাধ্যমে CUNY বা SUNY কলেজে ফ্রি টিউশনের যোগ্যতা অর্জন করে, সেক্ষেত্রে তারা তাদের এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্টের অর্থ কলেজের অন্যান্য খরচের জন্য ব্যবহার করতে পারে। এর মধ্যে পড়ে বই, সরবরাহ, কম্পিউটার ও কিছু থাকা-খাওয়ার খরচ। এর পাশাপাশি, এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্ট সারাদেশের বেশিরভাগ দুই- ও চার-বছরের কলেজ ও পেশাগত প্রশিক্ষণ কার্যক্রমে, এমনকি কিছু ক্ষেত্রে বিদেশেও ব্যবহার করা যায়।

24. সেভ ফর কলেজ প্রোগ্রামে অংশগ্রহণের জন্য কোন খরচ আছে কি?

না, স্কলারশিপ অ্যাকাউন্ট লাভসহ NYC কিডস্ রাইজ সেভ ফর কলেজ প্রোগ্রামে এনরোলমেন্ট স্বতোক্রিয় এবং বিনা খরচে হয়ে থাকে। কোন পরিবার যদি এই প্রোগ্রামের অংশ হিশেবে তাদের নিজেদের কলেজ সেভিং অ্যাকাউন্টে সঞ্চয় করতে চায়, NYC Kids RISE কলেজের কম- ও বিনা-খরচের কলেজে সঞ্চয়ের বিকল্পসমূহের তথ্য প্রদান করবে।

25. পরিবারগুলি কীভাবে স্কলারশিপের অতিরিক্ত অর্থ পেতে পারে?

NYC Kids RISE শিক্ষার্থী ও তাদের পরিবারগুলিকে সময়ের সাথে সাথে এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্টের অর্থ বৃদ্ধি করার সুযোগ প্রদান করবে। যেমন জানুয়ারি থেকে শুরু করে, যখন আপনি ভবিষ্যতে অনলাইনে আপনার স্কলারশীপ অ্যাকাউন্ট দেখতে রেজিস্টার করেন, তখন NYC কিডস্ রাইজ আপনার সন্তানের অ্যাকাউন্টে অতিরিক্ত অর্থ জমা দেবে, পরিবারগুলি তাঁদের সন্তানের স্কলারশিপ অ্যাকাউন্টে আরও অর্থ যোগ করার অন্যান্য সুযোগও পাবে।

26. $100 একটি শিশুর কলেজে যাওয়ার ক্ষমতায় কীভাবে পার্থক্য তৈরি করে?

যেসব শিক্ষার্থীর কলেজ সেভিংস অ্যাকাউন্ট ও উচ্চশিক্ষার একটি পরিকল্পনা রয়েছে তাদের কলেজে যাওয়ার ও সেখান থেকে গ্র্যাজুয়েট হওয়ার সম্ভাবনা বেশি। এছাড়াও গবেষণায় দেখা গেছে 1 থেকে 500 ডলারের ক্ষুদ্র সেভিংস অ্যাকাউন্ট থাকা শিশুদের কলেজে ভর্তি হওয়ার সম্ভাবনা তিনগুণ থাকে এবং তাদের কলেজ গ্র্যাজুয়েট হওয়ার সম্ভাবনা চারগুণ বেশি। আশা এই যে, অতিরিক্ত ইনসেন্টিভ ও সামাজিক সহায়তার(এটি সম্ভাব্য বিনিয়োগের লাভ বা লোকসানের উপর নির্ভর করবে) মাধ্যমে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্ট ক্রমান্বয়ে বৃদ্ধি পাবে, যা প্রতিটি শিশুর কলেজে প্রবেশ আরও সহজসাধ্য করবে।

27. হাই স্কুল গ্র্যাজুয়েট হওয়ার সময় পর্যন্ত আমার সন্তানের এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্টে কী পরিমাণ অর্থ থাকবে?

আপনার সন্তানের NYC স্কলারশীপ অ্যাকাউন্টের অর্থ NY 529 ডিরেক্ট প্ল্যানে বিনিয়োগ হয়। NY 529 ডিরেক্ট প্ল্যানের অর্থ চক্রবৃদ্ধি আয়সহ আর্থিক বাজারে বিনিয়োগ করা হয় যাতে স্কলারশিপ অ্যাকাউন্টের অর্থ সময়ের সঙ্গে বৃদ্ধি পায়। উদাহরণস্বরূপ, আপনার সন্তানের স্কলারশিপ অ্যাকাউন্টে $300 থাকলে (প্রারম্ভিক অবদান $100 ও তার সঙ্গে যোগ হওয়া $200 সম্ভাব্য ইনসেন্টিভ), শিক্ষার্থী যখন হাই স্কুল গ্র্যাজুয়েট হয় তখন তার অ্যাকাউন্টের অর্থের পরিমাণ প্রায় $500 পর্যন্ত বৃদ্ধি পেতে পারে বলে অনুমান করা যায়। এর ভিত্তি হল 13 বছর সময় ধরে বছর প্রতি প্রায় 4.5% লাভের অনুমিত হার। যেহেতু, স্কলারশিপ অ্যাকাউন্টের অর্থ বিনিয়োগ করা হয়, সেজন্যে কোন কোন সময় স্কলারশিপ অ্যাকাউন্টের অর্থ হারাতেও হতে পারে, যা বিনিয়োগের কার্যসম্পাদনার উপর নির্ভর করবে। এর মানে হল এই যে শিশু যখন কলেজ যাবে তখন শিশুর NYC স্কলারশীপ অ্যাকাউন্টে উপলব্ধ অর্থের পরিমাণ সেই অ্যাকাউন্টে জমা করা প্রকৃত অর্থের থেকে বেশি বা কম হতে পারে।

28. স্কলারশিপ অ্যাকাউন্টের অর্থ কীভাবে বিনিয়োগ করা হবে সেটি কে স্থির করবে?

NYC Kids RISE এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্টের মালিক ও তার ব্যবস্থাপনার ভার তার উপর এবং এর অর্থ কীভাবে বিনিয়োগ করা হবে সেটি তারা স্থির করবে। NYC Kids RISE স্কলারশিপ অ্যাকাউন্টসমূহের অর্থ NY 529 ডিরেক্ট প্ল্যান-এ বিনিয়োগ করা বেছে নিয়েছে। NY 529 ডিরেক্ট প্ল্যান সম্পর্কিত আরও তথ্য পেতে NYSaves.org পরিদর্শন করুন অথবা 877-NYSAVES-এ কল করুন।

29. আমি কি নিজের অর্থ আমার সন্তানের এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্টে সঞ্চয় করতে পারি?

NYC Kids RISE পরিবারগুলিকে তাদের নিজেদের কলেজ সেভিংস অ্যাকাউন্ট খোলা ও তাতে অর্থ জমা রাখতে শুরু করা তাঁদের পক্ষে সঠিক কিনা সেটি বিবেচনা করতে উৎসাহিত করে। ব্যক্তিগতভাবে কোন এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্টে অর্থ জমা করা যাবে না। বিভিন্ন সংস্থা ও ব্যবসাসহ কম্যুনিটি সদস্যগণ NYC Kids RISE-এ দানের মাধ্যমে শিক্ষার্থীদের একটি গ্রুপের স্কলারশিপ অ্যাকাউন্টে অর্থ জমা রাখতে পারেন।

30. 529 অ্যাকাউন্ট কী?

529 অ্যাকাউন্ট হলো এক ধরনের অ্যাকাউন্ট যা বিশেষভাবে পরিবারগুলোর কলেজ সঞ্চয়ের লক্ষ্যে তৈরি। 529 অ্যাকাউন্টের অর্থ সময়ের সাথে বাড়তে থাকে এবং এতে ট্যাক্স বেনিফিটও হয়, এর মধ্যে আছে ট্যাক্স-ফ্রি আয় এবং সম্ভাব্য স্টেট ইনকাম ট্যাক্স বিয়োগ। যদিও 529

অ্যাকাউন্টের অর্থ যে বৃদ্ধি পাবেই তার কোন গ্যারান্টি নেই এবং এর মূল্য কমতেও পারে।

31. 529 অ্যাকাউন্ট কোন ব্যাংক অ্যাকাউন্ট থেকে কতটা ভিন্ন?

ব্যাংক অ্যাকাউন্ট ও 529 অ্যাকাউন্ট - উভয়ই কলেজের জন্য অর্থ সঞ্চয়ের বিকল্প। যদিও, 529 অ্যাকাউন্টের অর্থ আর্থিক বাজারে বিনিয়োগ করা হয়, যার সঙ্গে যুক্ত আরও বেশি সম্ভাব্য ঝুঁকি ও আরও বেশি সম্ভাব্য লাভ। 529 অ্যাকাউন্টে অর্থ সঞ্চয়, যার অন্তর্ভুক্ত NY 529 ডিরেক্ট প্ল্যান, তাতে ট্যাক্স সুবিধাও পাওয়া যায়, প্রশ্ন 29-তে যা বর্ণিত আছে, সেটি বেশিরভাগ ব্যাংক অ্যাকাউন্টগুলির থাকে না।

529 অ্যাকাউন্টসমূহ পরিবারগুলির হাই স্কুল পরবর্তী সময়ে তাদের সন্তানের শিক্ষার জন্য সঞ্চয় করার উদ্দেশ্যেই সুনির্দিষ্টভাবে তৈরি করা হয়েছে। উপযুক্ত শিক্ষার খরচ ছাড়া অন্য কোন উদ্দেশ্যে 529 অ্যাকাউন্ট থেকে অর্থ তুলে নেওয়া হলে সেই তুলে নেওয়া অর্থের আয়ের অংশটি সাধারণ আয় হিসেবে করযুক্ত হতে পারে এবং সেই আয়ের উপর পরিবারগুলিকে 10 শতাংশ জরিমানা দিতে হতে পারে। এই তুলে নেওয়া অর্থ স্টেট ও স্থানীয় কর-সাপেক্ষ হতে পারে।

32. আমার সন্তানের জন্য ইতিমধ্যেই আমি যদি একটি 529 অ্যাকাউন্ট খুলে থাকি, সেক্ষেত্রে কী হবে?

আপনার যদি ইতোমধ্যে এনওয়াই 529 ডিরেক্ট প্ল্যানে একটি 529 অ্যাকাউন্ট থাকে যার সুবিধা লাভ করবে আপনার কিন্ডারগার্টেন শিক্ষার্থী, আপনি সেই বিদ্যমান অ্যাকাউন্টটি সন্তানের এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্টের সঙ্গে “লিংক” করার সুযোগ পাবেন এবং একই জায়গায় উভয় অ্যাকাউন্টের ব্যালেন্স দেখতে পাবেন। আপনার বিদ্যমান 529 অ্যাকাউন্টটিকে আপনার এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্টের সঙ্গে লিংক করা সম্পর্কিত আরও তথ্য জানুয়ারিতে প্রদান করা হবে।

NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম বিনিয়োগের পরামর্শ দেয় না, এবং এই গাইডে কোন বিনিয়োগের উপযুক্ততা সম্পর্কে কোন সুপারিশও দেওয়া হয়নি।

33. আমার পরিবার ও আমি কীভাবে আমার সন্তানের শিক্ষার জন্য সঞ্চয় শুরু করতে পারি?

জানুয়ারী থেকে শুরু করে, কলেজ সেভিংস বিকল্প এবং আপনার ও আপনার পরিবারের জন্য সঠিক কলেজ সেভিংস প্ল্যান কীভাবে তৈরি করবেন সেসম্পর্কে NYC Kids RISE আরো তথ্যের প্রদান করবে। অনলাইনে nyckidsrise.org-সাইটে এবং আপনার কম্যুনিটি কর্মশালায় তথ্য পাওয়া যাবে। NYC Kids RISE প্রতিটি পরিবারকে বিভিন্ন কলেজ সেভিংস-এর বিকল্প খুঁজে দেখতে উৎসাহ দেয় এবং বিনিয়োগের কোন পরামর্শ দেয় না। আপনাকে বিনিয়োগের আগে নিজস্ব পরিস্থিতি বিবেচনা করতে হবে এবং আপনি কোন বিনিয়োগ পেশাদারের পরামর্শ চাইতে পারেন।

34. আমি কি এখনই সঞ্চয় শুরু করতে পারি?

NYC Kids RISE যেকোন সময় প্রতিটি পরিবারকে বিভিন্ন কলেজ সেভিংস-এর বিকল্প খুঁজে দেখতে উৎসাহ দেয়। জানুয়াতে, NYC কিডস রাইজ পরিবারগুলিকে তাদের নিজস্ব কলেজ সেভিংস অ্যাকাউন্ট খুলতে বিভিন্ন কলেজ সেভিংস বিকল্প এবং সরঞ্জামের তথ্য প্রদান করে।

35. সেভ ফর কলেজ প্রোগ্রাম কী ধরনের আর্থিক শিক্ষার সুযোগ প্রদান করে?

পরিবারদেরকে তাদের নিজস্ব সেভিংস প্ল্যান তৈরি করতে শিক্ষার্থী, পিতামাতা, এবং পরিবারবর্গ বিভিন্ন সরঞ্জাম ও তথ্য লাভ করবে। জানুয়ারী থেকে শুরু করে, আপনি এবং আপনার পরিবার কলেজ সেভিংস বিকল্প এবং আপনাদের জন্য উপলব্ধ আর্থিক ক্ষমতায়নের সহায়-সংস্থান সম্পর্কে আরো জানতে বিভিন্ন কর্মশালায় যোগদানের আমন্ত্রণ পাবেন্। আপনার কিন্ডারগার্টেনের শিক্ষার্থী হেমন্তে শুরু হওয়া তার ক্লাসে মৌলিক আর্থিক ধারণাসমূহ সম্পর্কে শিখবে।

36. আমার সন্তান কলেজে যাওয়ার সময় আমি কীভাবে ঐ অর্থ পেতে পারি?

শিক্ষার্থীরা হাই স্কুলে থাকার সময় NYC Kids RISE শিক্ষার্থী ও তাদের পিতামাতা/অভিভাবকদেরকে এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্ট কীভাবে ব্যবহার করতে হয় সেসম্পর্কিত তথ্য প্রদান করবে।

37. আমার সন্তানের তার স্কলারশিপ অ্যাকাউন্টের অর্থ ব্যবহারের কোন সময়সীমা আছে কি?

আপনার সন্তানের তার স্কলারশিপের অর্থ ব্যবহারের সময়সীমা হল কিন্ডারগার্টেন সম্পূর্ণ করার 20 বছর পর্যন্ত, যার শেষ তারিখ জুন মাসে হবে। প্রথম অংশগ্রহণকারী কিন্ডারগার্টেন ক্লাসটি জুন 2018-তে কিন্ডারগার্টেন সম্পূর্ণ করবে, তাই তারা উপযুক্ত কলেজ বা পেশাদারী প্রশিক্ষণের খরচের জন্য জুন 2038 অবধি তাদের স্কলারশিপের অর্থের জন্য আবেদন ও তা ব্যবহার করতে পারবে। এই সময়সীমার অর্থ হল সেই সময় নাগাদ বেশিরভাগ শিক্ষার্থীর বয়স হবে 26 বছর। এই সময়সীমার পরেও কোন দাবিহীন অর্থ পড়ে থাকলে তা NYC Kids RISE-এর কাছে ফেরত যাবে যা ভবিষ্যতের বছরগুলিতে সেভ ফর কলেজ প্রোগ্রামের সহায়তায় কাজে লাগানো হবে।

38. সেভ ফর কলেজ প্রোগ্রামের কোন শিক্ষার্থী যদি কলেজে না যায়, সেক্ষেত্রে কী হবে?

এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্টে থাকা অর্থ কেবলমাত্র শিক্ষার্থী কোন উপযুক্ত প্রতিষ্ঠানে ভর্তি হলে ব্যবহার করতে পারবে, যার মধ্যে আছে বেশিরভাগ দুই- ও চার-বছরের কলেজ এবং এছাড়া স্পেশালাইজড্ ট্রেনিং এবং সার্টিফিকেশন কর্মসূচি। শিক্ষার্থী কিন্ডারগার্টেন সম্পূর্ণ করার 20 বছরের মধ্যে এই অর্থের দাবি না জানালে সেই অর্থ NYC Kids RISE-এ ফেরত যাবে যা ভবিষ্যতের বছরগুলিতে সেভ ফর কলেজ প্রোগ্রামের সহায়তায় কাজে লাগানো হবে।

39. সেভ ফর কলেজ প্রোগ্রাম কীভাবে পাবলিক সুবিধা প্রাপ্তিকে ক্ষতিগ্রস্ত করবে?

যেহেতু এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্টসমূহ NYC Kids RISE-এর মালিকানাভুক্ত ও তাদের ব্যবস্থাপনায়, তাই স্কলারশিপ অ্যাকাউন্ট থাকা শিক্ষার্থী বা তার পরিবারের পাবলিক সুবিধা প্রাপ্তির আবেদনকে এটি প্রভাবিত করে না।

কোন পরিবার তাঁদের নিজস্ব কলেজ সেভিংস অ্যাকাউন্টে সঞ্চয় করলে এই সম্পদ কিছু নির্দিষ্ট সুবিধা পাওয়ার ক্ষেত্রে প্রভাব সৃষ্টি করতে পারে।

40. আমি নিউ ইয়র্ক সিটি হাউজিং অথরিটির (NYCHA) কোন আবাসনে বাস করলে সেভ কলেজ প্রোগ্রাম কীভাবে আমার ভাড়াকে প্রভাবিত করতে পারে?

যেহেতু এনওয়াইসি স্কলারশিপ অ্যাকাউন্টসমূহ NYC Kids RISE-এর মালিকানাভুক্ত ও তাদের ব্যবস্থাপনায়, তাই স্কলারশিপ অ্যাকাউন্ট থাকা শিক্ষার্থীর বা তার পরিবারের NYCHA হাউজিং-এর অথবা এনওয়াইসি ডিপার্টমেন্ট অফ হাউজিং প্রিজার্ভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট-এর মাধ্যমে আবাসন সহায়তার আবেদন বা ভাড়াকে প্রভাবিত করে না।

কোন পরিবার তাঁদের নিজস্ব কলেজ সেভিংস অ্যাকাউন্টে সঞ্চয় করলে এই সম্পদ কিছু নির্দিষ্ট সুবিধা পাওয়ার ক্ষেত্রে প্রভাব সৃষ্টি করতে পারে।

41. সেভ ফর কলেজ প্রোগ্রামের আরো তথ্যের জন্য আমি কার সঙ্গে যোগাযোগ করবো?

nyckidsrise.org পরিদর্শন করুন অথবা NYC Kids RISE হটলাইনে 833-কিড-রাইজ (833-543-7473)-তে যোগাযোগ করুন।

NYC কিডস্ রাইজ সেভ ফর কলেজ প্রোগ্রাম একটি স্কলারশিপ এবং সেভিংস কর্মসূচি যা NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন এবং নিউইয়র্ক সিটির অংশীদারত্বে সেভ ফর কলেজ প্রোগ্রাম কর্তৃক পরিচালিত। NYC Kids RISE নিউ ইয়র্কের 529 কলেজ সেভিংস প্রোগ্রামের সঙ্গে সম্পর্কযুক্ত নয় ও তার অনুমোদিত ডিস্ট্রিবিউটরও নয় এবং এটি কোন বিনিয়োগ চায় না বা বিনিয়োগের পরামর্শও প্রদান করে না।

আপনার শিশুর জন্য বিনিয়োগ করুন-কলেজে পড়ানোর জন্য সঞ্চয় করুন

কিভাবে তা এখানে দেখে নিন:

nyckidsrise.org

NYC KiDS RiSE

NYC Office of the Mayor | Department of Education

GRAY FOUNDATION

Citi Community Development সাহায্যে কিছু অংশ নেওয়া সম্ভব হয়েছে।